



জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নম্বর: ৩৩(৫৮)জাতীয়বিঃ/কারিঃউঃমঃ/২০১৫/পার্ট-৩/১৬৩৭

তারিখ : ১৯/০৯/২০২৫

প্রজ্ঞাপন


বিষয় : জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) প্রোগ্রামে আবশ্যিক বিষয় হিসেবে Information and Communication Technology (ICT) কোর্স পাঠদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রোগ্রামের সকল বিষয়ের (Subject) শিক্ষার্থীদের জন্য Information and Communication Technology (ICT) বিষয়ে একটি তত্ত্বীয় এবং একটি ব্যবহারিক কোর্স আবশ্যিক হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত কোর্সসমূহ পাঠদানে আইসিটি/কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন। এছাড়া আইসিটি বিষয়ে ToT/CEDP/NSDA/BTEB/বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ICT-তে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমাদারী শিক্ষকগণও পাঠদান করতে পারবেন। যেখানে উল্লিখিত বিষয়ের শিক্ষক নেই, সেখানে পদার্থবিজ্ঞান, গণিত, রসায়ন, পরিসংখ্যান, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান, প্রাণ রসায়ন, ভূগোল ও পরিবেশ এবং পরিবেশ বিজ্ঞান বিষয়ের শিক্ষকগণ পাঠদান করবেন।

যদি উপরোক্ত কোন বিষয়ের শিক্ষক না পাওয়া যায়, সেক্ষেত্রে সরকারি কলেজের অধ্যক্ষ/বেসরকারি কলেজের গভর্নিং বডি ইচ্ছা করলে নিজস্ব ব্যবস্থাপনায় জেলা/উপজেলা পর্যায়ে কর্মরত কম্পিউটার প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (AP) অথবা আইসিটি (ICT) বিষয়ে পারদর্শী রিসোর্সপার্সনকে খণ্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োগ করতে পারবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-


২০/৯/২০২৫

(ড. এ. এইচ. এম. রহুল কুদ্দুস)

ডিন (ভারপ্রাপ্ত)

কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়

ফোন : ০২৯৯৬৬৯১৫৩০, ০১৬৭৭১৭৯৩৫৭

অধ্যক্ষ

অধিভুক্ত সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠান

জাতীয় বিশ্ববিদ্যালয়